গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.০০.০০০০.১৭৩.২২.০০৭.১৩(অংশ-১)-১৯১

তারিখ: ০৩ ভাদ্র ১৪২৭ / ১৮ আগস্ট ২০২০

বিষয়ঃ বেতার/টিলিভিশন সম্প্রচারে অংশগ্রহণ এবং সংবাদ মাধ্যমের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর সংশ্লিষ্ট বিধি অনুসরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি-২২ এর ব্যত্যয় ঘটিয়ে কোনো কোনো সরকারি কর্মচারী বিভাগীয় প্রধানের পূর্বানুমোদন ব্যতিরেকে কিংবা প্রকৃত দায়িত্ব পালনের ক্ষেত্র ব্যতিরেকে বিভিন্ন বিষয়ে গণমাধ্যম, যথা-বেতার, বাংলাদেশ টেলিভিশন, বিভিন্ন বেসরকারী চ্যানেলের সংবাদ, টকশো, আলোচনা অনুষ্ঠান, পত্র-পত্রিকা বা অনলাইন মাধ্যমে বক্তব্য বা মতামত বা নিবন্ধ বা পত্র প্রকাশ করছেন। সরকারের নীতি-নির্ধারণী অনেক বিষয়েও তাঁরা বক্তব্য বা মতামত প্রদান করছেন। বেতার/টিলিভিশন সম্প্রচারে অংশগ্রহণ এবং সংবাদ মাধ্যমের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি-২২ এ নিম্নরূপ বিধান রয়েছে;

"**22. Radio broadcasts and communication to the press.**- No Government servant shall, except with the previous sanction of the Head of the Department or in the bonafide discharge of his duties, participate in a radio or television broadcast or contribute any article or write any letter, either anonymously or in his own name or in the name of any person, to any newspaper or periodical:
provided that such sanction shall generally be granted if such broadcast or such contribution or letter is not, or may not be considered likely to jeopardize the integrity of the Government servant, the security of Bangladesh or friendly relations with foreign States, or to offend public order, decency or morality or to amount to contempt of Court, defamation or incitement to an offence;
Provided further that no such sanction shall be required if-

(a) such broadcast or such contribution or letter is of a purely literary, artistic or scientific character or connected with sports;
(b) such broadcast or such participation required to project Government activities on development works to the people by the Commissioners of Divisions, Deputy Commissioners and Subdivisional Officers."

২। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি-২২ অনুসরণ করার জন্য তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থা এর কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/০৮/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৯৫১৪৮৯২
ইমেইল: reg4@mopa.gov.bd

১। সিনিয়র সচিব/সচিব (সকল)
সংস্কৃতি বিষয়ক
......................মন্ত্রণালয়/বিভাগ

সচিব মহোদয়ের দপ্তর
ডাইরী নং- ৬৫৫
তারিখ: ২৫.০৮.২০
অতিরিক্ত সচিব
অতিরিক্ত সচিব (প্রশাসন)
যুগ্মসচিব
সচিবের একান্ত সচিব

অতিরিক্ত সচিব (প্রঃ) এর দপ্তর
ডাইরী নং 881
তারিখ ২৬/৮/২০২০
স্বাক্ষর ঃ